দৈনিক ইনকিলাব

৩৮

তারিখ 19 JUN 1987
পৃষ্ঠা ১ কলাম ২

৪ঠা আষাঢ় ১৩৯৪ বাং

## ১ জুলাই থেকে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বেতন বৃদ্ধি

সরকার লক্ষ্য করেন যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন অনেক কম। বিগত তেইশ বছর ধরে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন অপরিবর্তিত রয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, শিক্ষাখাতে খরচের পরিমাণ সরকারী ও বেসরকারী উভয় ক্ষেত্রে বহুগুণে বৃদ্ধি পেয়েছে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের

১১-এর পৃষ্ঠায় দেখুন

## ছাত্র বেতন বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর

তুলনায় সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ব্যয়ভার অনেক বেশী।

বিষয়টি গত ২ জুন ১৯৮৭ অনুষ্ঠিত মন্ত্রী পরিষদের বৈঠকে বিবেচিত হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে, ১ জুলাই ১৯৮৭ হতে সরকারী মাদ্রাসাসহ সরকারী স্কুল, কলেজে বর্তমান ছাত্র বেতন বর্ধিত করা হবে।

উল্লেখ্য, সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন নিম্নোক্ত হারে বৃদ্ধি করার পরও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন অপেক্ষা কম থাকবে।

তথ্য বিবরণীতে জানানো হয়, আগামী ১ জুলাই ১৯৮৭ হতে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক ছাত্র বেতন হবেঃ ১ম ও ২য় শ্রেণী ২ টাকার পরিবর্তে ৪ টাকা। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী ৩ টাকার পরিবর্তে ৬ টাকা। ৬ষ্ঠ শ্রেণী ৪ টাকার পরিবর্তে ৮ টাকা। সপ্তম ও অষ্টম শ্রেণী ৫ টাকার পরিবর্তে ১০ টাকা। নবম ও দশম শ্রেণী ৬ টাকার পরিবর্তে ১২ টাকা। একাদশ ও দ্বাদশ শ্রেণী (কলা ও বাণিজ্য) ৮ টাকার পরিবর্তে ১৬ টাকা। একাদশ ও দ্বাদশ (বিজ্ঞান) ৯ টাকার পরিবর্তে ১৮ টাকা। বি, এ, ও বিকম ৯ টাকার পরিবর্তে ১৮ টাকা। বিএসসি ১০ টাকার পরিবর্তে ২০ টাকা।

সরকারী কলেজসমূহের বি, এ (অনার্স), বিকম (অনার্স) ১০ টাকার পরিবর্তে ২০ টাকা। বিএসসি (অনার্স) ১২ টাকার পরিবর্তে ২৪ টাকা। এমএ, এমএসসি ও এমকম ১২ টাকার পরিবর্তে ২৪ টাকা।

কমার্শিয়াল ইনস্টিটিউটের

১ম ও ২য় বর্ষের জন্য ৫ টাকার পরিবর্তে ১০ টাকা।

পলিটেকনিক ইনস্টিটিউটের

ডিপ্লোমা ৫ টাকার পরিবর্তে ১০ টাকা।

ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের ৩ টাকার পরিবর্তে ৬ টাকা।

গভর্নমেন্ট মাদ্রাসায়

দাখিল শ্রেণী ০·৩১ টাকার পরিবর্তে ২ টাকা।

আলীম ও ফাজিল শ্রেণী ০·৬২ টাকার পরিবর্তে ৩ টাকা।

কামিল শ্রেণী ১·২৫ টাকার পরিবর্তে ৫ টাকা।